

অক্টোবর ২০১৬ইং

প্রথমবারের মতো বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের গবেষণা দিবস পালিত

১৪৪৭টি গবেষণা কর্ম সম্পন্ন, শিক্ষক-ছাত্রছাত্রীদের গবেষণার জন্য অনুদান প্রদান

গত ২৫ অক্টোবর ২০১৬, মঙ্গলবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো “বিশ্ববিদ্যালয় গবেষণা দিবস” বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এমপি। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ে এ যাবৎকালে সম্পাদিত গবেষণা সমূহ প্রকাশ করা হয় এবং গবেষণার জন্য ৩ জন গবেষককে বিশ্ববিদ্যালয় পদক প্রদান করা হয়।

অনুষ্ঠানের প্রথম পর্বে একটি প্রাণবন্ত বৈজ্ঞানিক অধিবেশন অনুষ্ঠিত হয়। বৈজ্ঞানিক অধিবেশনের জন্য ৩৬৭ টি গবেষণা পত্র জমা পড়ে, তার মধ্যে নির্বাচিত ০৫ (পাঁচ)টি গবেষণা পত্র পাঠ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ে সম্মানিত উপ-উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। অনুষ্ঠানে “মেডিক্যাল গবেষণাঃ বাংলাদেশ প্রেক্ষিত” নামক মুক্ত আলোচনায় বাংলাদেশে মেডিক্যাল গবেষণার অর্জন, প্রতিকূলতা এবং ভবিষ্যৎ নিয়ে মতবিনিময় করেন অধ্যাপক মাহমুদ হাসান, সভাপতি, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন; অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ, প্রেসিডেন্ট, বাংলাদেশ মেডিক্যাল এন্ড ডেন্টাল কাউন্সিল; অধ্যাপক ডা. লিয়াকত আলী, উপাচার্য, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ হেলথ সায়েন্সেস; অধ্যাপক ডা. তাহমিদ আহমেদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও ডিরেক্টর, সেন্টার ফর নিউট্রিশন এন্ড ফুড সিকিউরিটি, আইসিডিডিআরবি এবং জন ডি. ক্রেমেনস্, এক্সিকিউটিভ পরিচালক, আইসিডিডিআরবি।

দ্বিতীয় পর্বে “বিশ্ববিদ্যালয় গবেষণা দিবস” উপলক্ষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোহাম্মদ নাসিম, এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান এবং মাননীয় প্রধানমন্ত্রীর সাবেক উপদেষ্টা অধ্যাপক সৈয়দ মোদাচ্ছের আলী।

আলোচনা সভায় সম্মানিত অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন অধ্যাপক ডা. মোঃ ইউসুফ আলী মোল্লা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান, অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন), বিএসএমএমইউ; অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (প্রশাসন), বিএসএমএমইউ; অধ্যাপক এ এস এম জাকারিয়া, উপ-উপাচার্য

(শিক্ষা) বিএসএমএমইউ এবং অধ্যাপক ডা. মোঃ আলী আসগর মোড়ল, কোষাধ্যক্ষ, বিএসএমএমইউ।

সভায় জানানো হয় হয়, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে অদ্যাবধি মোট ১৪৪৭টি গবেষণা কর্ম সম্পন্ন করা হয়েছে, ২০১৫-২০১৬ইং অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ে ২৮ জন শিক্ষককে ও ১৩৫ জন ছাত্রকে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে অনুদান প্রদান করা হয়।

এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিশ্বের অনেক বিশ্ববিদ্যালয়ের ও সংস্থার অংশিদারী গবেষণার চুক্তি রয়েছে। তারমধ্যে শিকাগো বিশ্ববিদ্যালয়, জন হপকিন্স বিশ্ববিদ্যালয়, মাহিদোল বিশ্ববিদ্যালয়, রক ফেলার ফাউন্ডেশন, ইউনিসেফ, নাগোয়া বিশ্ববিদ্যালয়, আইসিডিডিআর'বি, ইএসএইড সেভ দি চিলড্রেন ও বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

সভায় প্রধান অতিথি জনাব মোহাম্মদ নাসিম, এমপি বলেন, চিকিৎসা গবেষণায় বর্তমানে সরকারের সমর্থন আগামী বছরগুলোতে অব্যাহত থাকবে। তিনি বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রছাত্রীদের রোগীদের সেবা এবং গবেষণায় আরো মনোযোগী হতে আহবান জানান।